# হজ্জ, উমরা ও যিয়ারত গাইড

বিভাগ/অধ্যায়ঃ হজ্জকারীর ভুলত্রুটি

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

সাঈ করার সময় ভুলত্রুটি

1. সাঈর নিয়ত মুখে উচ্চারণ করে পড়া।
2. মারওয়া পাহাড় থেকে সাঈ শুরু করা।
3. সাফা পাহাড়ে উঠে সালাতের তাকবিরের ন্যায় দু'হাত উঠিয়ে ইশারা করা। শুদ্ধ হল দু'হাত তুলে শুধু দোয়া করা।
4. কেউ কেউ মনে করেন, সাফা থেকে মারওয়া এবং মারওয়া থেকে সাফায় ফিরে এলে সাঈর এক চক্কর সম্পূর্ণ হয়। এ ধারণা ভুল। সাফা থেকে মারওয়া পর্যন্ত গেলেই বরং এক চক্কর সম্পূর্ণ হয়ে যায়।
5. সাফা থেকে মারওয়া এবং মারওয়া থেকে সাফা পর্যন্ত সাঈ করার পুরো সময়টাতে দ্রুত চলা ভুল। সাঈর সময় দ্রুত চলতে হবে কেবল সবুজ দুই চিহ্নের মধ্যবর্তী স্থানে।
6. কেউ কেউ সাঈ করার সময়ও ইযতিবা করে থাকে। এটা ভুল। ইযতিবা কেবল তাওয়াফে কুদুমের সময় করতে হয়।
7. পুরুষদের জন্য সবুজ চিহ্নের মাঝে সাঈ তথা দৌড়ে না চলা।
8. সাঈর প্রত্যেক চক্করের জন্য আলাদা দোয়া নির্ধারণ করা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3565

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন